গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে আরিশা খাতুন (২) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। রোববার (১৩ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত আরিশা খাতুন করমদি গ্রামের রাকিবুল ইসলামের মেয়ে।

স্থানীয়রা জানান, দুপুরে বাড়ির পাশে পুকুরপাড়ে খেলছিল আরিশা। একপর্যায়ে সবার অজান্তে সে পুকুরের পানিতে পড়ে যায়। কিছুক্ষণ পর পরিবারের লোকজন তাকে দেখতে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন। পরে পুকুরের পানিতে ভাসমান অবস্থায় আরিশাকে উদ্ধার করা হয়।

পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক মাহবুবুর রহমান নয়ন জানান, হাসপাতালে নেওয়ার আগেই শিশুটির মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, পানিতে ডুবে শিশুর মৃত্যুর ঘটনায় অপমৃত্যুর মামলা করা হবে। একই সঙ্গে পুকুর ও জলাশয়ের আশপাশে শিশুদের চলাফেরার সময় অভিভাবকদের আরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

দামুড়হুদায় ঘাস কাটার মেশিনে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে স্বামী-

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বৃদ্ধা নারীর মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের মোমিনপুর স্টেশনের পাশে ট্রেনের ধাক্কায় এক নারী নিহত হয়েছেন।

রোববার (১৬ আগস্ট) সকাল ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে।নিহতের নাম মিনি খাতুন (৬০)। তিনি চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার শিয়ালমারী গ্রামের মৃত ইউনুসের স্ত্রী।

স্থানীয় সূত্র জানায়, তিনি দীর্ঘদিন ধরে মাথার সমস্যায় ভুগছিলেন এবং এ বিষয়ে চিকিৎসকের পরামর্শ নিতে গিয়েছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল সোয়া ৯টার দিকে মিনি খাতুনকে রেললাইনের ওপর দিয়ে হেঁটে যেতে দেখা যায়। এর কিছুক্ষণ পর রাজশাহী থেকে খুলনাগামী সাগরদাঁড়ি আন্তঃনগর ট্রেনের ধাক্কায় তিনি ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার খবর পেয়ে রেলওয়ে থানা পুলিশ মরদেহ উদ্ধার করে।

স্থানীয়দের দাবি, দুর্ঘটনার আগে মিনি খাতুন দুই শিশুর কাছে ট্রেন কখন আসবে জানতে চেয়েছিলেন। এ ঘটনার পর তিনি ইচ্ছাকৃতভাবে রেললাইনে গিয়ে আত্মহত্যা করেন বলে ধারণা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির এসআই জগদীশ বলেন, নিহতের বড় ছেলের আবেদনের পরিপ্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে গোভীপুরে অগ্নিকাণ্ডে চার ছাগলের মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামে অগ্নিকাণ্ডে চারটি ছাগলের মৃত্যু হয়েছে। এ ঘটনায় দুই লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানা গেছে।

রোববার মধ্যরাতে সদর উপজেলার গোভীপুর দক্ষিণপাড়ায় এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, গোভীপুর গ্রামের দক্ষিণপাড়ার মোহর আলীর ছেলে মোরসালিন তাঁর গোয়ালঘরে একটি মশার কয়েল জ্বালিয়ে রাখেন। ওই মশার কয়েল থেকেই আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। মুহূর্তের মধ্যে আগুন দাউ দাউ করে জ্বলতে থাকে।

স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেন। পরে খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছান।

তবে ফায়ার সার্ভিসের সদস্যরা পৌঁছানোর আগেই গোয়ালঘরটি সম্পূর্ণ পুড়ে যায়। এ সময় গোয়ালঘরে বাঁধা চারটি ছাগলের মৃত্যু হয়।

অগ্নিকাণ্ডে গোয়ালঘরসহ বিভিন্ন মালামাল পুড়ে দুই লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা।

ঝিনাইদহে সাপের কামড়ে মাদ্রাসাছাত্রের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল গ্রামের সাপের কামড়ে আরাফাত হোসেন
(১৪) নামের এক মাদ্রাসা ছাত্রের মৃত্যু হয়েছে।

গতকাল সোমবার রাতে সদর ঘোড়শাল গ্রামের তালতলা পাড়ায় এ ঘটনা ঘটে। মৃত আরাফাত হোসেন ওই গ্রামের হান্নান মুসল্লীর ছেলে।

স্বজনরা জানায়, রাতে নিজ ঘরে ঘুমিয়ে ছিলো আরাফাত হোসেন। রাত ১১ টার দিকে ঘুমের মধ্যে বিষধর সাপ তাকে ছোবল দেয়। টের পেয়ে স্বজনরা তাকে স্থানীয় ওঝার কাছে নিয়ে যায়। সেখান থেকে বাড়ি ফিরলে রাত ৩ টার দিকে অসুস্থ হয়ে পড়ে সে। পরে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়ার পথে আরাফাতের মৃত্যু হয়। কিশোর আরাফাত ঘোড়শাল মাদ্রাসার ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র ছিলো।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক ডা: রাজিয়া সুলতানা বলেন, আরাফাতকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গার হোসেনপুরে বিদ্যুৎস্পৃষ্টে প্রবাসফেরত যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হোসেনপুর গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তুহিন (৩০) নামে এক প্রবাসফেরত যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর ১২টার দিকে নিজ বাড়িতে টিউবওয়েলের পানির মোটর মেরামত করতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত তুহিন আইলহাঁস ইউনিয়নের হোসেনপুর গ্রামের আব্দুস সালামের ছেলে।

পারিবারিক সূত্রে জানা গেছে, দুপুরের দিকে বাড়ির টিউবওয়েলের সঙ্গে সংযুক্ত পানির মোটরটি হঠাৎ বিকল হয়ে যায়। মোটরটি মেরামতের সময় তুহিন বিদ্যুৎস্পৃষ্ট হন। এক প্রতিবেশী দ্রুত মেইন সুইচ বন্ধ করে তাকে উদ্ধার করেন। পরে পরিবারের সদস্যরা তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।

নিহতের স্ত্রী ফিরোজা খাতুন জানান, মোটরটি চালু না হওয়ায় তুহিন নিজেই সেটি মেরামতের চেষ্টা করেন। এ সময় তিনি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হন। পরে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জানা গেছে, তুহিন দীর্ঘদিন সিঙ্গাপুরে কর্মরত ছিলেন। প্রায় দুই বছর আগে তিনি দেশে ফেরেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও চার বছর বয়সী একমাত্র কন্যা সন্তান তানহাকে রেখে গেছেন।

তুহিনের আকস্মিক মৃত্যুতে পরিবার ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। চুয়াডাঙ্গা সদর হাসপাতাল চত্বরে স্ত্রী, মা ও

স্বজনদের আহাজারিতে হৃদয়বিদারক পরিস্থিতির সৃষ্টি হয়।

পুলিশ প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

কুষ্টিয়ায় কপোতাক্ষ এক্সপ্রেসের নিচে কাটা পড়ে অজ্ঞাত নারীর মৃত্যু

কুষ্টিয়া-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের মিরপুর বিজিবি কুষ্টিয়া সেক্টরের রেলওয়ে লেভেল ক্রসিংয়ের অদূরে কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনের নিচে কাটা পড়ে অজ্ঞাতপরিচয় এক নারীর (প্রায় ৫০) মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২৮ জুলাই) সকাল আনুমানিক ১০টা ৪০ মিনিটে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্র ও প্রত্যক্ষদর্শীরা জানান, খুলনা থেকে রাজশাহীগামী আন্তঃনগর কপোতাক্ষ এক্সপ্রেস মিরপুর বিজিবি কুষ্টিয়া সেক্টরের রেলওয়ে লেভেল ক্রসিংয়ের দক্ষিণ পাশের আপ লাইনে পৌঁছালে অজ্ঞাত ওই নারী ট্রেনের নিচে চলে যান। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে মিরপুর থানা পুলিশ ও সংশ্লিষ্ট রেলওয়ে কর্তৃপক্ষ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। নিহত নারীর পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। তার পরিচয় শনাক্তে পুলিশ কাজ করছে।

পুলিশ জানায়, মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত করতে ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হবে। পরিচয় শনাক্তের পর মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।

স্থানীয়রা জানান, ট্রেন চলাচলের সময় রেললাইন পারাপারে অসতর্কতা রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং ঝুঁকিপূর্ণ এলাকায় নজরদারি আরও জোরদার করা প্রয়োজন।

[redacted]

[redacted]

‎এ ব্যাপারে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাদ্দিদ মুর্শেদ চৌধুরী জানান,ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন।